# শ্রীগণেশ দ্বাদশ নাম স্তোত্রম্

শিব ও পার্বতী পুত্র শ্রীগণেশের স্থান সর্ব্ব দেবদেবীর মধ্যে অন্যতম। তিনি বিঘ্নহর্তা, সুখকর্তা, সিদ্ধিদাতা। সব দেব দেবীর পূজায় সর্বপ্রথম করা হয় গণেশ বন্দনা। শ্রীগণেশ পুরাণে বর্ণিত আছে ভগবান গণেশের দ্বাদশ নাম স্তোত্র ।স্তোত্র পাঠ যেকোন দিনই শুভ তবে সংকষ্ট চতুর্থী (কৃষ্ণপক্ষের চতুর্থী তিথি) এবং বিনায়ক চতুর্থীতে (শুক্লপক্ষের চতুর্থী তিথি) গণেশ পূজা ও আরাধনার বিশেষ মাহাত্ম্য রয়েছে।

গনেশের মূল 12টি নাম:- সুমুখ, একদন্ত, কপিল, গজকর্ণ, লম্বোদর, বিকট, বিঘ্ননাশক, বিনায়ক, ধূম্রকেতু, গণাধ্যক্ষ, ভালচন্দ্র তথা গজানন।

শ্রীগণেশ দ্বাদশনামস্তোত্রম্ সুমুখশ্চৈকদন্তশ্চ কপিলো গজকর্ণকঃ।
লম্বোদরশ্চ বিকটো বিঘ্ননাশো গণাধিপঃ।।
ধূম্রকেতুর্গণাধ্যক্ষো ভালচন্দ্রো গজাননঃ।
দ্বাদশৈতানি নামানি যঃ পঠেৎ শৃণুয়াদপি।
বিদ্যারম্ভে বিবাহে চ প্রবেশে নির্গমে তথা।
সংগ্রামে সঙ্কটে চৈব বিঘ্নস্তস্য ন জায়তে।।
ইতি শ্রীগণেশপুরাণে শ্রীগণেশ দ্বাদশনামস্তোত্রং সমাপ্তম্ ।

ভগবান শ্রীগণেশের এই বারোটি নামের অর্থ –
সুমুখ – সুন্দর মুখ যাহার
একদন্ত – এক দাঁত যাহার
কপিল – বাদামী রঙের
গজকর্ণক – গজ বা হাতীর মতো কান
লম্বোদর – লম্বা উদর বা পেট যাহার
বিকট – যিনি বিশাল দেখতে
বিঘ্ননাশ – যিনি বাধা – বিপত্তি দূর করেন
গণাধিপ – গনদের অধিপ বা রাজা
ধূম্রকেতু – ধূম্রবর্ণের বা ধোঁয়াটে রঙের
গনাধক্ষ্য – গনদের অধ্যক্ষ বা নেতা
ভালচন্দ্র – যিনি ভালে বা কপালে চন্দ্র ধারণ করেন

Published on: Feb, 06 2023 15:27

ফলশ্রুতি
দ্বাদশৈতানি নামানি যঃ পঠেৎ শৃণুয়াদপি।
বিদ্যারম্ভে বিবাহে চ প্রবেশে নির্গমে তথা।
সংগ্রামে সঙ্কটে চৈব  বিঘ্নস্তস্য ন জায়তে।।
ইতি শ্রীগণেশপুরাণে শ্রীগণেশ দ্বাদশনামস্তোত্রং সমাপ্তম্ ।

ভগবান শ্রীগণেশের এই দ্বাদশ নাম স্তোত্র যিনি বিদ্যা আরম্ভে, বিবাহে,কোথাও প্রবেশকালে, প্রস্থানে, যুদ্ধে বা বিপদ সময়ে পাঠ করেন তিনি কোন বিঘ্নের সম্মুখীন হন না ।
শ্রীগণেশ পুরাণে বর্ণিত গণেশ দ্বাদশ নাম স্তোত্র সমাপ্ত ।

Published on: Feb, 06 2023 15:27